# অনিঃশেষ আকাংখার রাত্রি

অনিঃশেষ আকাংখার জলে ধোয়া মানুষের মন,
আজকে না হোক যদি কাল খুব বৃষ্টিপাত হয়?
কাল যদি স্বপ্ন আসে সবুজ অঙ্কুর নিয়ে পাতা,
সনির্বন্ধ ছায়া হবে দাঁড়াবার জায়গা নির্ভয়।
ঈশ্বরের কাছে সব বর্তমান আর মানুষের
ভবিষ্যত ছাড়া কোনো সত্যিকার সম্ভাবনা নেই;
আজকের অপূর্ণতা আগামীর গর্ভে যদি ফের
সম্পূর্ণ সকাল হয়? রাত্রি নামে সেই আশাতেই।

প্রকৃতি ও মানুষের স্বপ্ন খুব সম্পূরক ঘড়ি,
কখনো প্রকৃতি হয় মানুষের দুর্দিনের সাঁকো;
প্রকৃতির দুঃসময়ে মানবেরা ত্রাণ সাদা ছড়ি,
পৃথিবীতে এইভাবে সূর্য ম'রে গেছে লাখো লাখো।

ডুবুক সূর্যের রেখা অন্ধকার নামুক নিরবে,
অনিঃশেষ আকাংখার রাত্রি আর কবে শেষ হবে?

রেজাউদ্দিন স্টালিন

সৃষ্টিসন্ধান